## ৮। মূল্যায়ন: সময়: ৫ মিনিট

- নিচে প্রদত্ত প্রশ্নের আলোকে অংশগ্রহণকারীগণের ধারণা যাচাইয়ের জন্য উত্তর আহ্বান করুন

  * সি-ইন-এড ও ডিপিএড শিক্ষাক্রমের মধ্যে একটি পার্থক্য বলুন।
  * শিক্ষক শিক্ষায় সি-ইন-এড এর একটি ভূমিকা বলুন।
  * শিক্ষক শিক্ষায় ডিপিএড এর একটি ভূমিকা বলুন।

## ৯। স্ব-অনুচিন্তন:

- প্রতিটি কাজের বিপরীতে সময় বিভাজন সঠিক ছিল কি না?
- ব্যবহৃত উপকরণ ও উপস্থাপিত পদ্ধতি ফলপ্রসূ ছিল কি?
- বিকল্প কোনো উপায়ে অধিবেশনটি আরওভালো করা যায় কি না?

## দিন-৪

**১। শিরোনাম : ধারাবাহিক পেশাগত উন্নয়ন (সিপিডি)।**

**২। মূলভাব :** ধারাবাহিক পেশগত উন্নয়ন বলতে বুঝায় কোনো ব্যক্তির পেশাগত জীবনে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করা। শিক্ষকতা পেশার সাথে যুক্ত হয়ে এটি শিক্ষকের ধারাবাহিক পেশাগত উন্নয়ন হিসেবে এ অনুচ্ছেদের অবতারণা। পেশাগত উন্নয়নে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রাইমারি টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই) এ দীর্ঘ মেয়াদে অধ্যয়নের পর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আর কোন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের সুযোগ থাকে না। দীর্ঘ শিক্ষকতার জীবনে নতুন ধ্যান ধারণায় শিক্ষার্থীকে শেখানোর জন্য এবং নিজের জ্ঞানগত ও দক্ষতাগত কৌশলের পরিবর্তনে শিক্ষকগণ যে সমস্যার সম্মুখীন হন তা সমাধানের জন্য প্রয়োজন ধারাবাহিক আনুষ্ঠানিক প্রশিক্ষণের। 'শিক্ষক জন্মগ্রহণ করেন না, তৈরী হন'- এ সত্যকে মেনে নিয়ে বলা যায়, শিক্ষকের শিক্ষক হয়ে ওঠার পিছনে বহুবিধ অর্জন ও সংশ্রয় কাজ করে। এজন্য প্রয়োজন পেশাগত উন্নয়ন কার্যক্রমের। এ অধিবেশনে এ সম্পর্কে একটি ধারণা পাওয়া যাবে।

**৩। সময় :** ১ ঘণ্টা ৩০মিনিট

**৪। শিখনফল:** এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

**৫। পদ্ধতি/ কৌশল: প্রশ্নোত্তর আলোচনা, প্লেনারি আলোচনা, দলগতকাজ, উপস্থাপন।**

**৬। সহায়ক সামগ্রী: প্রশ্নচার্ট, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র**

**৭। অধিবেশনের বিবরণ:**

| **কাজ-১ :** ধারাবাহিক পেশাগত উন্নয়নের গুরুত্ব ব্যাখ্য করা | **সময়:** ১৫ মিনিট |
|---|---|

- ধারাবাহিক পেশাগত উন্নয়ন বলতে কী বুঝি ? প্রশ্নিটি বোর্ডে লিখে দিন।
- অংশগ্রহণকারীগণকে প্রশ্নের আলোকে উত্তর দিতে বলুন বলুন এবং তা বোর্ডে লেখার ব্যবস্থ করুন।
- একজন পেশাজীবীর জন্য ধারাবাহিক উন্নয়ন কেন প্রয়োজন ? একটি করে পয়েন্ট লিখতে বলুন।
- তথ্যগুলোকে সমন্বয় করতে বলুন এবং তথ্যপত্রের আলোকে ব্যাখ্যা দিন।

| **কাজ-২ :** ধারাবাহিক পেশাগত উন্নয়নের ক্ষেত্র ও সুযোগ পর্যালোচনা করা | **সময়:** ৪০ মিনিট |
|---|---|

- কীভাবে শিক্ষকের ধারাবাহিক উন্নয়ন সম্ভব তা পরস্পর আলোচেনা করে তথ্যপত্রের আলোকে পর্যায়ক্রমে প্রদর্শন করুন এবং ব্যাখ্যা আহ্বান করুন।
- প্রাথমিক স্তরের শিক্ষকগণের জন্য ধারাবাহিক পেশাগত উন্নয়নের জন্য কী ব্যবস্থা রাখা হয়েছে তার সুযোগ পর্যালোচনা করতে হবে বলুন।
- অংশগ্রহণকারীদের ৪/৫ টি দলে ভাগ হতে বলুন।

দিন-৪

- নিচে প্রদত্ত ছক পোস্টার পেপারে লিখে বা বোর্ডে প্রদর্শন করুন।

| যেভাবে করা যায় | | বিদ্যমান সুযোগ |
|---|---|---|
| ▪ বিশেষজ্ঞ ব্যক্তির সাথে আলোচনা | : | |
| ▪ Face to face কর্মশালা | : | |
| ▪ Online communities | : | |
| ▪ পারস্পরিক সহায়তা | : | |
| ▪ ব্যক্তিগত অধ্যয়ন বা স্ব-শিখন | : | |
| ▪ কার্যোপযোগী গবেষণা | : | |
| ▪ সম্মিলিত গবেষণা | : | |
| ▪ কার্যক্রম পরিচালনা করা | : | |
| ▪ লিখন অনুশীলন | : | |

- দলগত আলোচনা করে প্রাথমিক স্তরের শিক্ষগণের জন্য কী ব্যবস্থা বিদ্যমান তা ছকে লিখতে বলুন।
- দলগত কাজ উপস্থাপন করতে বলুন।
- কোন বিষয়টি শিক্ষকের জন্য আরও প্রয়োজন তা আলোচনার মাধ্যমে ব্যাখ্যা করুন।

**কাজ-৩ :** শিক্ষকের পেশাগত উন্নয়নে সি-ইন-এড, ডিপিএড ও সিপিডি'র ভূমিকা বিশ্লেষণ করা **সময়:** ৩০ মিনিট

- অংশগ্রহণকারীদের আট দলে ভাগ হয়ে বসতে বলুন।
- তথ্যপত্র থেকে প্রত্যেক দলকে এ সম্পর্কীত একটি করে বিষয় বিতরণ করুন।
- দলে পড়তে বলুন এবং আলোচনা করে এর ব্যাখ্যা প্রস্তত করতে বলুন।
- পর্যায়ক্রমে প্রত্যেক দলকে সংক্ষিপ্ত ব্যাখ্যা প্রদান করতে বলুন।
- প্রয়োজনে সহায়তা করুন।

**৮। মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

- নিচে প্রদত্ত প্রশ্নের আলোকে অংশগ্রহণকারীগণের ধারণা যাচাইয়ের জন্য উত্তর আহ্বান করুন
  - ⁎ ধারাবাহিক পেশাগত উন্নয়ন কী ?
  - ⁎ একজন শিক্ষকের জন্য ধারাবাহিক উন্নয়ন কেন প্রয়োজন
  - ⁎ কীভাবে শিক্ষকের ধারাবাহিক উন্নয়ন সম্ভব ?
  - ⁎ শিক্ষকের জন্য ধারাবাহিক উন্নয়নে একটি নতুন ক্ষেত্র উল্লেখ করুন।

**৯। স্ব-অনুচিন্তন:**

- অধিবেশনের বিষয়বস্তু অংশগ্রহণকারীগণের জন্য কতটা উপযুক্ত ছিল ?
- ব্যবহৃত পদ্ধতি ও কৌশল কতটা কার্যকর ছিল ?

দিন-৪

১। **অধিবেশনের শিরোনাম : শিক্ষক ও প্রশিক্ষক যোগ্যতা**

২। **মূলভাব :** শিক্ষার্থীর চরিত্র গঠন–এর ক্ষেত্রে একজন শিক্ষককে সক্রিয় ভূমিকাপালন করতে হয়। এই ভূমিকাপালনে একজন শিক্ষক কী মাত্রায় যোগ্যতা অর্জন করলেন কিংবা আদৌ যোগ্যতা অর্জন করলেন কি না এজন্যই শিক্ষক মান মূলায়ন। সাধারণভাবে উচ্চশিক্ষায় মূল্যায়নের উদ্দেশ্য হচ্ছে একজন ছাত্র একটি বিশেষবিষয় সম্পর্কে কী এবং কতটুকু জানে তা প্রতিষ্ঠিত করা। ডিপিএড কোর্সে আনুষ্ঠানিক পরীক্ষাসহ অন্যান্যপঙক্রিয়ার মাধ্যমে এই উদ্দেশ্য অর্জিত হবে। ডিপিএড কোর্সের নতুনত্ব হচ্ছে প্রয়োগযোগ্য শিখনের উপর গুরুত্বপ্রদান করা। ডিপিএড এর মূল উদ্দেশ্য হলো শিক্ষকতা পেশায় যোগদানকারী শিক্ষার্থীরা যাতে শিক্ষক হতেপারে সেভাবে তাদের প্রস্তুত করা। পিটিআইতে ‘‘পেশাগত শিক্ষা’’ অধিবেশনসমূহে শিক্ষার্থীরা শিক্ষক মানএর সঙ্গে পরিচিত হয়। তারা পেশা সম্পর্কিত যোগ্যতা সম্পর্কে অবহিত হবে/পরিচিত হবে এবং ব্যাখ্যা ওউদাহরণের মাধ্যমে প্রত্যেক যোগ্যতায় কী প্রত্যাশিত তা জানবে। শিক্ষক মান মূল্যায়নের মাধ্যমে প্রকৃতপক্ষেশিক্ষকতার জন্য যে জ্ঞান ও দক্ষতা প্রয়োজন হয় তার কতটুকু অর্জিত হয়েছে তা বিভিনড়ব প্রেক্ষাপটে যাচাইকরা হয়। যোগ্যতার কাঠামো তিনটি পরস্পর সম্পর্কিত ভাগে সাজানো যায়: (ক) পেশাভিত্তিক জ্ঞান এবংউপলব্ধি (খ) পেশাভিত্তিক অনুশীলন ও (গ) পেশাভিত্তিক মূল্যবোধ ও সম্পর্ক। এই অধিবেশনে শিক্ষার্থীমূল্যায়নের বিশেষ কয়েকটি দিকের ওপর আলোকপাত করা হয়েছে।

৩। **সময়** : ৩ ঘন্টা।

৪। **শিখনফল:**-এ অধিবেশন শেষে শিক্ষার্ক্ষীরা :

(ক) শিক্ষক মান সম্পর্কে ধারনা লাভ করতে পারবেন।

(খ) শিক্ষক মান ও শিক্ষক যোগ্যতার সর্ম্পক এবং এর কাঠামোগুলো ব্যাখ্যা করতে পারবেন।

৫। **পদ্ধতি ও কৌশল:-** Mind Mapping, দলীয় কাজ, প্রশ্নোত্তর, মিনি লেকচার, আলোচনা এবং উপস্থাপন

৬। **সহায়ক সামগ্রী:-** ল্যাপ্টপ, মাল্টিমিডিয়া, মার্কার, পোস্টার পেপার ও বোর্ড।

৭। **অধিবেশনের বিবরণ :**

**কাজ-১** : শিক্ষক মান, শিক্ষক মানের ক্ষেত্র, শিক্ষক যোগ্যতা ও পারদর্শিতার সূচক চিহ্নিতকরণ **সময়:** ৯০ মিনিট

- অংশগ্রহণকারীদের ৫দলে ভাগ করুন।
- প্রত্যেক দলে শিক্ষক মান এবং শিক্ষক যোগ্যতা বিষয়ক তথ্য পত্র সরবরাহ করুন।
- এবার, ১ম দল ১-৬ নং শিক্ষক মান, ২য় দল: ৭-১২ নং শিক্ষক মান: ৩য় দল : ১৩-১৮ নং শিক্ষক মান ৪র্থ দল ১৯-২৩ শিক্ষক মান ভাগ করে দিন এবং দলগতভাবে শিক্ষক মান, শিক্ষক যোগ্যতাও পারদর্শীতার সূচক বিস্তারিতভাবে আলোচনা করতে বলুন
- দলীয় কাজ শেষে প্রশ্ন করুন-
  - ✓ শিক্ষক মানের ক্ষেত্র কয়টি?
  - ✓ শিক্ষক মান কয়টি?
  - ✓ শিক্ষক মানেরপ্রবাহ চিত্র কী
  - ✓ শিক্ষক মানের সাথে সংশ্লিষ্ট শিক্ষক যোগ্যতার সম্পর্ক কী?
  - ✓ শিক্ষক যোগ্যতার সাথে পারদর্শীয় সূচকের সম্পর্ক কী তা ব্যাখ্যা করুন?
- সকলকে ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন?

**কাজ-২ : শিক্ষক মানের পারদর্শীতার সূচক অনুযায়ী প্রমাণ চিহ্নিতকরণ** **সময়: ১ ঘণ্টা ২৫ মিনিট**

- প্রত্যেকে নিচের ছক (প্রমাণ মুছে দিয়ে প্রিন্ট করতে হবে)
- অংশগ্রহণকারীগণের মধ্য থেকে ১জনকে ১ম-৫ম শ্রেণির যে কোন একটি বিষয়ে সিমুলেশন (পাঠ পরিকল্পনা অনুসারে) করার ব্যবস্থা করুন (অথবা একটি ভিডিও দেখার ব্যবস্থা করুন)। সিমুলেশনে:

  - সুনির্দিষ্ট শিখনফল থাকবে
  - শিখন-শেখানো কার্যক্রমের বর্ণনা থাকবে
  - শিখন-শেখানো কার্যক্রমে বিষয়ের ব্যাখ্যা-বিশ্লেষণ থাকবে,
  - শিক্ষার্থীদের ভুল ধারণা দূরীকরনের জন্য ব্যবস্থা থাকবে
  - শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ সক্রিয় অংশগ্রহণথাকবে
  - সকল শিক্ষার্থী কাজে অংশগ্রহণ করবে
  - শিক্ষার্থীদের পারগতার স্তর অনুযায়ী শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করতে হবে
  - সকল শিশুর চাহিদা অনুযায়ী শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করতে হবে
  - উপকরণের ব্যবহার থাকবে
  - শিখন-শেখানো কার্যক্রম এমনভাবে পরিচালনা করবেন যাতে সকল শিক্ষার্থী শিখনফল অর্জন করতে পারে
  - শিক্ষার্থীদের পারগতা যাচাই করেন
  - শিক্ষার্থীদের কাজে উৎসাহ প্রদান করেন এবং প্রশংসা করেন।
  - প্রত্যক শিশুর ব্যক্তিগত অবস্থা সম্পর্কে সজাগ থেকে প্রত্যেকের সাথে ইতিবাচক সম্পর্ক বজায় রাখেন।

- পাঠ শেষে  দলগতভাবে বিস্তারিত আলোচন করে নিচের শিক্ষক মান এবং শিক্ষক যোগ্যতা সম্বলিত ছকটির পারগতার সূচক অনুযায়ী প্রমাণ লিখতে নির্দেশনা প্রদান করুন।
- দলীয় কাজ শেষে দলীয় কাজ উপস্থাপন করতে বলুন। দলীয় কাজ শেষে মূল তথ্যপত্রের (প্রমাণসহ) সাথে মিল করতে বলুন।
- সকলকে ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

**৮। মূল্যায়ন:** **সময়: ১০ মিনিট**

নিচের প্রশ্নগুলোর আলোকে মূল্যায়ন করুন-

* শিক্ষক মান কি?
* শিক্ষক মানের ক্ষেত্র (উড়সধরহ) কয়টি ও কি কি?
* শিক্ষক মানের শিখনের ক্ষেত্র কয়টি ও কি কি?
* শিক্ষক মান অর্জন কীভাবে নিশ্চিত করা যায়?

**৯। স্ব-অনুচিন্তন:**

ক) আজকের অধিবেশনের প্রস্তুতি পর্যাপ্ত ছিল কী? আর কী ধরনের প্রস্তুতি নেয়া হলে বিষয়টি আরো সহজবোধ্য হত?

খ) দলে কাজ করার সময় যাঁরা তুলনামূলকভাবে নিষ্ক্রিয় তাঁদের কীভাবে সক্রিয় করা যেত বলে আপনি মনে করেন।

দিন-৪

১। **অধিবেশনের শিরোনাম : মূল্যায়ন ও যোগ্যতাভিত্তিক মূল্যায়নের ধারণা ও উদ্দেশ্য**

২। **মূলভাব :** শিক্ষার্থীর শিখনের অগ্রগতি যাচাইয়ের জন্য মূল্যায়ন অপরিহার্য। মূল্যায়ন (assessment) হলো শিক্ষাক্রম এবং শিখন-শেখানো প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ বা উপাদান যা শিক্ষার্থীর শিখন অগ্রগতি বা অবস্থা নিরূপণের জন্য ব্যবহার করা হয়। শিক্ষাবিদগণ গবেষণাপ্রসূত তথ্য-প্রমাণাদির ভিত্তিতে বলেছেন যে মূল্যায়ন এবং শিক্ষাক্রমের অন্যান্য উপাংশ, যেমন - শিখন শেখানো কৌশল, শিখন প্রক্রিয়া, শ্রেণিকার্যক্রম ইত্যাদির মধ্যে নিবিড় সম্পর্ক রয়েছে। অর্থাৎ, মূল্যায়ন ব্যবস্থা এসব উপাংশকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে। সংশ্লিষ্ট শিখনফল পাঠ্যপুস্তকের বিষয়বস্তুতে প্রতিফলিত হয়েছে। পাঠ্যপুস্তকে প্রদত্ত বিষয়বস্তুর ওপর ভিত্তি করে শিখনফলকেন্দ্রিক শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করা হয়।যে সকল শিক্ষার্থী শিখন শেখানো কার্যক্রমে পিছিয়ে থাকে মূল্যায়নের মাধ্যমে তাদের দূর্বলতা চিহ্নিত করা যায় এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যায় এছাড়াও প্রান্তিক মূল্যায়নের মাধ্যমে কারিকুলামসহ শিক্ষার্থীদের শিখনের সার্বিক চিত্র পাওয়া যায় এবং এব্যাপারে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়।

৩। **সময় :** ১ ঘণ্টা ১৫মিনিট

৪। **শিখনফল:** এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

৩। **সময় :** ৩ ঘন্টা।

৪। **শিখনফল:**-এ অধিবেশন শেষে শিক্ষার্ক্ষীরা :

(ক) মূল্যায়ন, যোগ্যতাভিত্তিক মূল্যায়নের বৈশিষ্ট্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবেন।

(খ) মূল্যায়ন, যোগ্যতাভিত্তিক মূল্যায়নের উপায়/কৌশল বর্ণনা করতে পারবেন।

(গ) কৃতিত্ব অভীক্ষা প্রণয়ন করতে পারবেন।

৫। **পদ্ধতি ও কৌশল:-** প্রশ্নোত্তর আলোচনা, দলগত কাজ, তথ্য প্রদর্শন, সিদ্ধান্ত গ্রহণ, উপস্থাপন ও পর্যালোচনা।

৬। **সহায়ক সামগ্রী:-** সাদাবোর্ড, মার্কার, পুশপিনবোর্ড, ফ্লিপচার্ট, পোস্টার পেপার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া ইত্যাদি।

৭। **অধিবেশনের বিবরণ :**

**কাজ-১ :** মূল্যায়ন, যোগ্যতাভিত্তিক মূল্যায়নের উদ্দেশ্য ও বৈশিষ্ট্য বলতে পারা **সময়:** ১৫ মিনিট

- প্রশ্ন করুন: মূল্যায়ন কী? যোগ্যতাভিত্তিক মূল্যায়ন কাকে বলে ?
- ৩/৪ জনের উত্তর শুনুন, প্রয়োজনে আলোচনা করে বুঝিয়ে দিন। তথ্যপত্রের চার্ট মালটিমিডিয়ায় প্রদর্শন করে পড়ে শোনান।
- যোগ্যতাভিত্তিক মূল্যায়নের বৈশিষ্ট্য সম্পর্কে অংশগ্রহণকারীদের কার কী জানা আছে জানতে চান।
- পয়েন্ট আকারে বোর্ডে একজনকে লিখতে বলুন ও আলোচনা করুন।

**কাজ-২ :** যোগ্যতাভিত্তিক মূল্যায়নের উপায়/কৌশল বর্ণনা করতে পারা **সময়:** ২৫ মিনিট

- ‘‘যোগ্যতাভিত্তিক মূল্যায়নের কৌশল/উপায়’’-বাক্যটির একটি লিখিত কার্ড প্রদর্শন করুন। সকলকে দেখতে, একাকী চিন্তা ও পাশাপাশি আলোচনা করে যোগ্যতাভিত্তিক মূল্যায়নের উপায়/কৌশল সম্পর্কে ৪/৫ জনের কাছে জানতে চান এবং আপনি বোর্ডে লিখুন।
- প্রশ্ন করুন : ‘‘বেঞ্জামিন ব্লুম’’ এ শিখনফল বা আচরণিক উদ্দেশ্যকে কত শ্রেণিতে ভাগ করা হয়েছে ? অংশগ্রহণকারীদের সঠিক উত্তরটি বোর্ডে লিখুন।

- জ্ঞানমূলক এর ৬টি, দক্ষতামুলক/মনোপেলীজ এর ৫টি এবং অনুভূতিমূলক এর ৪টি উপক্ষেত্রের নাম সম্বলিত চার্ট মাল্টিমিডিয়ায় প্রদর্শন করুন। সংশ্লিষ্ট তথ্যপত্রসকলকে পড়তে, একাকী চিন্তা ও পাশা-পাশি আলোচনা করে নিজ খাতায় নোট সমন্বয় করতে সময় ও সহায়তা দিন।
- অতঃপর জ্ঞানমুলকক্ষেত্র (Cognitive domain) এর ৬টি উপক্ষেত্রের ক্রিয়াপদ সম্বলিত চার্ট বিস্তারিত প্রদর্শন ও ব্যাখ্যা- বিশ্লেষণ করে অংশগ্রহণকারীদের মতামত সাপেক্ষে তাদের ধারণা স্পষ্ট করুন।

**কাজ-৩ :** কৃতিত্ব অভীক্ষা প্রণয়ন করতে পারা **সময়:** ৪৫ মিনিট

- শিক্ষার্থীদের আচরণিক উদ্দেশ্য পরিমাপের জন্য "কৃতিত্ব অভীক্ষা" বলতে কী বুঝায় ? উদাহরণসহ অংশগ্রহণকারীদের বলতে সহায়তা দিন। একজনকে বোর্ডে লিখতে বলুন।
- দক্ষতামূলক স্তরের (Psychomotor) উদ্দেশ্য মূল্যায়নে কী কী ব্যবস্থা নেওয়া যায় ? প্রশ্নোত্তর আলোচনা করে উত্তর হিসেবে ব্যবহারিক কাজ, পর্যবেক্ষণ, পরীক্ষণ প্রভৃতি কাজের ব্যবস্থা করা দরকার তা জানতে ও বলতে বলুন। সহায়তা দিন। একজনকে বোর্ডে লিখতে বলুন।
- অনুভূতিমূলক ক্ষেত্র (Affective domain) দ্বারা শিক্ষার্থীর কী কী পরিবর্তন বুঝায় ? অংশগ্রহণকারীদের উত্তর শোনার পর স্পষ্ট করুন যে, শিখনের সাথে সাথে মানুষের দৃষ্টিভঙ্গি বা মনোভাব, আবেগ, অনুভূতি এবং যথাযথ গুণ বিচার করার ক্ষমতার ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন ঘটে। এ বিষয়ে অংশগ্রহণকারীদের অভিমত শুনুন ও তাদের মতামত ব্যাখ্য করুন। মতামতগুলো পয়েন্ট আকারে একজনকে বোর্ডে লিখতে বলুন।
- এবার কৃতিত্ব অভীক্ষার শ্রেণিবিভাগ এর আপনার তথ্যপত্র- চার্টটি মাল্টিমিডিয়ায় প্রদর্শন করে ব্যাখ্যা করুন।
- প্রশিক্ষণার্থীদের ৫টি দলে ভাগ করুন। এক একটি দলকে প্রয়োজনীয় পোস্টার, কলম, স্কেল ইত্যাদি সরবরাহ করুন এবং নিম্নরূপ দলগত কাজ- এর নির্দেশনা দিন। প্রয়োজনে লিখিত নির্দেশনা দলভিত্তিক প্রদর্শন করুন।

| দল | বিষয় | দলের কাজ |
|---|---|---|
| দল-১ | ধর্ম | ১ম শ্রেণির ৫০টি নৈর্ব্যক্তিক প্রশ্ন প্রণয়ন |
| দল-২ | পরিবেশ পরিচিতি | ২য় শ্রেণির ৫০টি নৈর্ব্যক্তিক প্রশ্ন প্রণয়ন |
| দল-৩ | বাংলা | ৩য় শ্রেণির ১০০ নম্বরের পূর্ণাঙ্গ প্রশ্ন প্রণয়ন |
| দল-৪ | ইংরেজি | ৪র্থ শ্রেণির ১০০ নম্বরের পূর্নাঙ্গ প্রশ্ন প্রণয়ন |
| দল-৫ | গণিত | ৫ম শ্রেণির ১০০ নম্বরের পূর্নাঙ্গ প্রশ্ন প্রণয়ন |

- দলগতকাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য আপনি ও অন্য প্রশিক্ষক দলভাগ করে দায়িত্ব নিন এবং ঘুরে ঘুরে প্রয়োজনীয় পরামর্শ, ব্যাখ্যা, সংযোজন-বিয়োজনের ফলে একটি প্রতিবেদন ল্যাপটপের মাধ্যমে প্রদর্শনের জন্য সহায়তা দিন।
- পর্যায়ক্রমে প্লোরিতে ৫টি দলের প্রতিবেদন উপস্থাপন করতে বলুন।
- দলীয় প্রতিবেদন উপস্থাপনের পর সকলের প্রশ্নের ব্যাখ্যা প্রদান, বড়দলের মতামত দিয়ে দলীয় প্রশ্নপত্র পরিমার্জন করতে সহায়তা দিন।
- দলগত কাজ এবং উপস্থাপন ও সর্বোপরি সকলের সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে কাজ সমাপ্ত করুন।

- জ্ঞানমূলক এর ৬টি, দক্ষতামুলক/মনোপেলীজ এর  ৫টি এবং অনুভূতিমূলক এর ৪টি উপক্ষেত্রের নাম সম্বলিত চার্ট মাল্টিমিডিয়ায় প্রদর্শন করুন। সংশ্লিষ্ট তথ্যপত্রসকলকে পড়তে, একাকী চিন্তা ও পাশা-পাশি আলোচনা করে নিজ খাতায় নোট সমন্বয় করতে সময় ও সহায়তা দিন।
- অতঃপর জ্ঞানমুলকক্ষেত্র (Cognitive domain) এর ৬টি উপক্ষেত্রের ক্রিয়াপদ সম্বলিত চার্ট বিস্তারিত প্রদর্শন ও  ব্যাখ্যা- বিশ্লেষণ করে অংশগ্রহণকারীদের মতামত সাপেক্ষে তাদের ধারণা স্পষ্ট করুন।

**৮। মূল্যায়ন** **সময়: ৫ মিনিট**

* মূল্যায়ন করার উদ্দেশ্য কী ?
* জ্ঞান মূলক (Cognitive domain) ক্ষেত্র মূল্যায়নের জন্য কী ধরনের অভীক্ষা নেওয়া হয় ?
* কৃতিত্ব অভীক্ষা কত ধরনের ও কী কী ?

**৯। স্ব-অনুচিন্তন:**

- অধিবেশনের বিষয়বস্তু অংশগ্রহণকারীগণের জন্য কতটা উপযুক্ত ছিল?
- ব্যবহৃত পদ্ধতি ও কৌশল কতটা কার্যকর ছিল?
- ভবিষ্যতে অংশগ্রহণকারীদের কার্যকর শিখনের জন্য কোনো দিক উন্নত করার প্রয়োজন আছে কি ?

দিন-৫

## ১। শিরোনামন: মূল্যায়নের ধরন (ধারাবাহিক ও সামষ্টিক)

২। **মুলভাব :** শিখন শেখানো কার্যক্রম পরিচালনার সময় প্রতিনিয়ত শিক্ষার্থীদের অর্জনের অগ্রগতি মূল্যায়নের কলাকৌশলই হলো ধারাবাহিক মূল্যায়ন। যে সকল শিক্ষার্থী শিখন-শেখানো কার্যক্রমে পিছিয়ে থাকে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে তাদের দুর্বলতা চিহ্নিত করা যায় এবং তা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যায়। যোগ্যতাভিত্তিক কারিকুলামে ধারাবাহিক মূল্যায়ন অবশ্যই শিখনফলের এবং বিষয়বস্তুর আলোকে হবে। নির্দিষ্ট মেয়াদান্তে পঠিত বিষয়বস্তুর শিখনফলভিত্তিক শিক্ষার্থীর অর্জনের অগ্রগতির মূল্যায়ন হলো সামষ্টিক মূল্যায়ন। মৌখিকভাবে মূল্যায়নের অবকাশ থাকলেও সাধারণত লিখিত পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের যোগ্যতা অর্জনের অগ্রগতি মূল্যায়ন করা হয়। সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের যোগ্যতা অর্জনের গ্রেড প্রদান করা হয়। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের দুর্বলতা চিহ্নিত করা ও তা নিরাময়মূলক ব্যবস্থার মাধ্যমে দূর করার জন্য বাস্তবসম্মত ব্যবস্থা নেওয়া হয়। তবে সামগ্রিক মূল্যায়ন পদ্ধতিতে শিক্ষার্থীদের যোগ্যতা অর্জনের অগ্রগতি গ্রেডভুক্ত করা গেলেও গ্রেড অনুযায়ী শিখন শেখানো কার্যক্রমে পিছিয়েপড়া শিক্ষার্থীদের উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিকভাবে বাস্তবসম্মত কোনো পদক্ষেপ গ্রহণ করা যায় না।

৩। **সময়  :** ৩ ঘন্টা।

৪। **শিখনফল:-**এ অধিবেশন শেষে শিক্ষার্ক্ষীরা :

((ক) মূল্যায়নের ধরন জেনে বলতে পারবেন।

(খ) ধারাবাহিক মূল্যায়নের বৈশিষ্ট্য ও উপকরণ উল্লেখ করতে পারবেন।

(গ) সামষ্টিক মূল্যায়নের বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা ব্যাখ্যা করতে পারবেন।

৫। **পদ্ধতি ও কৌশল:-** ব্রেইনস্টর্মিং, মাইন্ড ম্যাপিং, প্রশ্নোত্তর আলোচনা

৬। **সহায়ক সামগ্রী:-** হায়াইট বোর্ড, মার্কার, ডাস্টার, চার্ট, তথ্যপত্র, মাল্টিমিডিয়া

৭। **অধিবেশনের বিবরণ :**

**কাজ-১ :** মূল্যায়নের ধরন  বলতে পারা — **সময়:** ২৫ মিনিট

- হোয়াইট বোর্ডের মাঝখানে একটি গোলাকার বৃত্ত আঁকুন এবং বৃত্তের ভিতর লিখুন ‘‘মুল্যায়ন বলতে কী বুঝায় ?” অংশগ্রহণকারীদের মৌখিকভাবে প্রশ্ন করে তাদের মতামত শুনুন এবং বোর্ডে লিখুন। পুনরায় জানতে চান   মূল্যায়ন কেন করা হয় ’?
- মূল্যায়ন কত ধরনের এবং কী কী ? চিন্তা করে এক এক করে বলতে বলুন। একজন প্রশিক্ষণার্থীকে মাইন্ড-ম্যাপিং আকারে উত্তরগুলো বোর্ডে লিখতে পরামর্শ দিন।
- অংশগ্রহণকারীদের উত্তর বোর্ডে লেখার সময় লক্ষ্য রাখতে, পড়তে এবং নতুন নতুন পয়েন্ট বলতে সহায়তা দিন।
- লেখা শেষে বোর্ডের মূল্যায়নের ধরনগুলো আলোচনা করে পূর্বে তৈরী তথ্যপত্র মালিটমিডিয়ায় প্রদর্শন করুন এবং অংশগ্রহণকারীদের নিজ নিজ খাতায় তুলে নিতে বলুন।

**কাজ-২ :** ধারাবাহিক মূল্যায়নের বৈশিষ্ট্য ও উপকরণউল্লেখকরতে পারা **সময়:** ৩৫ মিনিট

- মূল্যায়নের বৈশিষ্ট্য কী ? প্রশ্নটির লিখিত কার্ড অংশগ্রহণকারীদের প্রদর্শন করুন এবং একাকী চিন্তা ও পাশাপাশি আলোচনা করে ৪/৫ জনকে কতিপয় বৈশিষ্ট্য পর্যায়ক্রমে বলতে বলুন।
- মূল্যায়নের বৈশিষ্ট্য সম্বলিত একটি চার্ট (মাল্টিমিডিয়ায় /বড় পোস্টার পেপারে পূর্বে লিখিত)- সকলের উদ্দেশ্যে প্রদর্শন করে দেখতে, পড়তে ও অংশগ্রহণকারীদের লেখার সাথে তুলনা করে মিল-অমিল বাহির করতে বলুন। আপনি তাদের ধারণা স্পষ্ট করতে সহায়তা করুন।
- আপনার প্রদর্শিত তালিকার কোন বৈশিষ্ট্যের ব্যাখ্যা প্রয়োজন হলে আপনি নিজে অথবা অংশগ্রহণকারী দ্বারা ব্যাখ্যা দিন। বলুন, মুল্যায়ন উপকরণ (Assessment Tools) আমাদের প্রাথমিক বিদ্যালয়ে ধারাবাহিক মূল্যায়ন, লিখিত অভীক্ষা, সম্পাদনী অভীক্ষা, প্রজেক্ট কাজ, পোর্টফোলিও, অ্যানেকডোটাল নোট ইত্যাদি সংক্ষিপ্ত আকারে উদাহরণ দিয়ে মাল্টিমিডিয়ায়অথবা চার্ট ব্যবহার করে ব্যাখ্যা করে অংশগ্রহণকারীদের বলতে সহায়তা দিন।

**কাজ-৩ :** সামষ্টিক মূল্যায়নের বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা বলতে পারা **সময়:** ২৫ মিনিট

- সামষ্টিক মূল্যায়ন বলতে কী বুঝায়? প্রশ্নটির উত্তর অংশগ্রহণকারীদের একাকী চিন্তা করে ৩/৪ জনকে বলতে দিন। প্রয়োজনে আপনি ব্যাখ্যা করে উদাহরণসহ বুঝিয়ে দিন।
- সামষ্টিক মূল্যায়নের বৈশিষ্ট্যসম্মলিত একটি চার্ট প্রদর্শন করুন এবং ১টি ১টি করে পয়েন্টের ব্যাখ্যা প্রশ্নোত্তরে আলোচনা করুন।
- ‘ সামষ্টিক মূল্যায়নের সীমাবদ্ধতা’ সংক্ষিপ্ত বাক্যটি বোর্ডের মাঝখানে লিখে তার চতুর্দিকে গোলবৃত্ত আঁকুন।
- অংশগ্রহণকারীদের কাজ থেকে জানতে চান যে, চূড়ান্ত মূল্যায়নের সীমাবদ্ধতা কী কী? অংশগ্রহণকারীগণ নিজে বোর্ডে এসে “মাইন্ড ম্যাপিং” আকারে নিজের মতামত লিখবেন।
- লেখা শেষে, প্রয়োজনে সকলের আলোচনার ওপর ভিত্তিকরে পরিমার্জন ও সংযোজন-বিয়োজন করুন।

**৮। মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

* মূল্যায়ন কী ?
* মূল্যায়নের উপকারিতা কী কী ?
* মূল্যায়নের ৩/৪ টি বৈশিষ্ট্য বলুন।

**৯। স্ব-অনুচিন্তন:**

- অধিবেশনের বিষয়বস্তু অংশগ্রহণকারীগণের জন্য কতটা উপযুক্ত ছিল?
- ব্যবহৃত পদ্ধতি ও কৌশল কতটা কার্যকর ছিল?
- ভবিষ্যতে অংশগ্রহণকারীদের কার্যকর শিখনের জন্য কোনো দিক উন্নত করার প্রয়োজন আছে কি ?

দিন-৫

১। **শিরোনাম : যোগ্যতাভিত্তিক মূল্যায়ন অভীক্ষাপত্র প্রণয়ন নির্দেশিকা**

২। **মুলভাব :** অভীক্ষা হচ্ছে মূল্যায়ন বা যাচাইয়ের জন্য সংগৃহীত উপকরণ বা প্রশ্নগুচ্ছ। লিখিত অভীক্ষা হলো এক ধরনের মূল্যায়নের উপকরণ বা হাতিয়ার বা কৌশল যা শিক্ষার্থীরা প্রথমে পড়ে এবং পরে লিখিতভাবে উত্তর দেয়। অভীক্ষার প্রশ্ন বিভিন্ন রকমের হতে পারে। একটি লিখিত অভীক্ষায় এক ধরনের প্রশ্ন বা বিভিন্ন প্রকারের প্রশ্ন থাকতে পারে। পরীক্ষা কার্যক্রম ও উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে এ অধিবেশনের বিষয়বস্তু অধিকতর যুক্তিসঙ্গত।

৩। **সময়:** ১ ঘণ্টা ৩০ মিনিট

৪। **শিখনফল:**-এ অধিবেশন শেষে শিক্ষার্থীরা :

(ক) লিখিত অভীক্ষাপত্রের ধরন ও মূল্যায়ন সংক্রান্ত সাধারণ নির্দেশনা বর্ণনা করতেপারবেন।

(খ) নির্বাচিত উত্তর প্রশ্ন (Selection Category question) এবং সরবরাহ উত্তর প্রশ্ন ( Supply Category question) এর জন্য প্রশ্ন প্রণয়নের নির্দেশনা ব্যাখ্যা করতে পারবেন।

(গ) সম্পাদনী অভীক্ষা , প্রজেক্ট পদ্ধতি,পোর্টফোলিও এবং অ্যানেকডোটাল নোটব্যাখ্যা করতে পারবেন।

৫। **পদ্ধতি ও কৌশল:-** ব্রেইনস্টর্মিং, প্রশ্নোত্তার আলোচনা, অভিজ্ঞতা বিনিময়, দলগত কাজ ও উপস্থাপনা, সিদ্ধান্ত

৬। **সহায়ক সামগ্রী:-** সাদাবোর্ড, পোস্টার পেপার, সাইনপেন/মার্কার কলম, তথ্যপত্র, মাল্টিমিডিয়া ও ল্যাপটপ, চার্ট

৭। **অধিবেশনের বিবরণ :**

**কাজ-১ :** লিখিত অভীক্ষার প্রশ্নের ধরন ও সাধারণ নির্দেশনা বলতে পারা **সময়:** ২০ মিনিট

- লিখিত অভীক্ষার প্রশ্নের ধরন কী কী ? অংশগ্রহণকারীদের রচনামূলক, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, নৈর্ব্যক্তিক প্রশ্ন ইত্যাদি উত্তর পাওয়ার পর জানতে চান যে,
  - কে প্রশ্ন তৈরি করবেন ?
  - কীভাবে পরিকল্পনা করতে হবে ? প্রশ্নোত্তর আলোচনা করে অভীক্ষা নির্দেশক ছক এর একটির উদাহরণ চার্ট প্রদর্শন করুন ও ব্যাখ্যা করুন।
  - কীভাবে প্রশ্নগুলো সাজাতে হবে ? অংশগ্রহণকারীদের উত্তর বোর্ডে লিখুন। এরপর প্রশ্ন সাজানোর মুলনীতি ব্যাখ্যা করে বুঝতে ও বলতে সহায়তা দিন।
- অতঃপর নিম্নের বিষয়গুলো একে একে প্রশ্নোত্তরে আলোচনা করে বলতে দিন।
- কীভাবে নম্বর প্রদান করা হবে ?
- নম্বর প্রদানের পর কী কী করা হবে ?
- প্রশ্নের কাঠিন্যের মান বাহির করার সূত্র কী ?

সঠিক উত্তর দেওয়া শিক্ষার্থীর সংখ্যা

সূত্র: প্রশ্নের কাঠিন্যমান = ------------------------------ x ১০০

মোট শিক্ষার্থীর সংখ্যা

- সূত্রটি মাল্টিমিডিয়ায় প্রদর্শন করে একটি উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন এবং অংশগ্রহণকারী দ্বারা ২/১টি উদাহরণ অনুশীলন করতে সহায়তা দিন।

**কাজ-২ : নির্বাচিত এবং সরবরাহ উত্তর প্রশ্নের জন্য প্রশ্ন প্রণয়নের নির্দেশনা ব্যাখ্যা করতে পারা** **সময়: ২৫ মিনিট**

- অংশগ্রহণকারীদের প্রত্যেককে "প্রশ্ন প্রণয়নের নির্দেশনা"- সম্বলিত তথ্যপত্র প্রদান করুন। অত:পর প্রশ্নের প্রণয়নের নির্দেশনা যেমন : বিকল্প নির্বাচনী প্রশ্ন (সত্য-মিথ্যা/ হ্যাঁ-না), বহুনির্বাচনী প্রশ্ন, মিলকরণ এর নির্দেশনা পড়তে বলুন।
- সবগুলো নির্দেশনা পড়ার পর সাধারণ আলোচনা করে ধারণা স্পষ্ট করুন। প্রয়োজনে অধিকতর ব্যাখ্যা দিন।
- ২/১ জন অংশগ্রহণকারী দ্বারা পূর্বের কাজের মত সরবরাহ উত্তর প্রশ্নের প্রশ্ন প্রণয়নের নির্দেশনা বলতে সহায়তা দিন। এ ক্ষেত্রে শূন্যস্থান পূরণ প্রশ্ন, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন এবং রচনামূলক উত্তর প্রশ্নের নির্দেশনা তথ্যপত্র না দেখে ২/৩ জনকে বলতে দিন। প্রয়োজনে পুনরায় মুল্যায়ন করে পুরোপুরি শিখন নিশ্চিত করুন।

**কাজ-৩ : সম্পাদনী অভীক্ষা, প্রজেক্ট পদ্ধতি, পোর্টফোলিও এবং অ্যানেকডোটাল নোট বলতে পারা** **সময়: ৪০ মিনিট**

- অংশগ্রহণকারীদের কাছে জানতে চান যে, সাময়িক লিখিত মূল্যায়ন ছাড়া আর কী কী কাজের কোন ধরনের মূল্যায়ন কার্যক্রম করার নির্দেশনা রয়েছে ?
- প্রজেক্ট পদ্ধতি, পোর্টফোলিও ইত্যাদি উত্তর পাওয়ার পর পদ্ধতিগুলোর সংজ্ঞা ও ব্যাখ্যা জানতে চান। সম্পাদনী অভীক্ষা কী তা স্পষ্ট করে বলতে সহায়তা দিন।
- প্রজেক্ট ও পোর্টফোলিও পদ্ধতি সম্পর্কে বিদ্যালয়গুলোতে কী ধরনের কাজ হয় তা জানতে চান। প্রয়োজনে বর্তমানে কোন সমস্যা থাকলে তা কী ধরনের তার ব্যাখ্যা দিন।
- পোর্টফোলিও কী ? যথাযথ উত্তর পাওয়ার পর বর্তমানে এ মূল্যায়ন কাজটি বিদ্যালয়ে কতটুকু বাস্তবায়ন হচ্ছে তা জানতে চান ? আপনি বিভিন্ন এলাকার বাস্তব অবস্থা সাদাবোর্ডে নোট লিখুন।
- অ্যানেকডোটাল নোট বলতে কী বুঝায় তা প্রশ্নোগুর আলোচনা করে ধারণা স্পষ্ট করুন।

**৮। মূল্যায়ন:** **সময়: ৫ মিনিট**

* নির্বাচিত উত্তর প্রশ্ন কী কী ?
* সরবরাহ উত্তর প্রশ্ন কী কী ?
* প্রশ্নের কাঠিন্যমান বের করার সূত্র কী ?
* সম্পাদনী অভীক্ষা বলতে কী বুঝায় ?
* প্রজেক্ট ও পোর্টফোলিও মূল্যায়ন কৌশল বাস্তবায়নে আপনি কী ভূমিকা নিতে পারেন ?

**৯। স্ব-অনুচিন্তন:**

- অধিবেশনের বিষয়বস্তু অংশগ্রহণকারীগণের জন্য কতটা উপযুক্ত ছিল?
- ব্যবহৃত পদ্ধতি ও কৌশল কতটা কার্যকর ছিল?